

## শেখুবি'র শিক্ষার্থীদের বৃত্তির টাকা প্রদানে বৈষম্য

শেখুবি সংবাদদাতা

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য বরাদ্দকৃত বৃত্তির টাকা প্রদানে হল কর্তৃপক্ষ ছাত্রদের সাথে বৈষম্য করছেন। টাকা প্রদান করার আগেই ছাত্রদের কাছ থেকে তাদের গ্রাণ্ড অর্থ কেটে রাখা হচ্ছে। নেভেল ৪ এর একজন ছাত্র বলেন, গত মঙ্গলবার স্নাতক পর্যায়ে চারটি বর্ষের প্রভোক্ত ছাত্রের নামে বরাদ্দকৃত ন্যূনতম ১২শ' টাকা শিক্ষার্থীরা/আনতে গেলে হল কর্তৃপক্ষ সীটভাড়া নামে তা থেকে কমপক্ষে ৭০০-৮০০ টাকা কেটে রাখছেন। যারা নিরীহ ও হলে বৈধভাবে অবস্থান করছে তাদের ক্ষেত্রেই এমন অনাকাঙ্ক্ষিত টাকা কাটা হচ্ছে। অথচ হারা হলে অনাবাসিক এক হলে সংযুক্তি নিয়ে অন্য হলে থাকে কিংবা বহিষ্কৃত হয়েও অবৈধভাবে হলে অবস্থান করছে তাদের বৃত্তির পুরো টাকাই দিয়ে দেয়া হচ্ছে। শুধু শেরেবাংলা হলেই কমপক্ষে ৫০ টি সীটে ঐ হল কর্তৃপক্ষের কোন নিয়ন্ত্রণ নেই। ঐ সব সীট থেকে প্রভোক্ত কোন টাকা আদায় করতে না পারলেও বৈধ ছাত্রদের থেকে পুরো টাকা আদায় করে হল চালানো হচ্ছে। মঙ্গলবার শেখুবি'র নতুন ভিসি প্রফেসর ড. শাহ ই আলম প্রতিটি হলে গিয়ে কিছু সমস্যা চিহ্নিত করে সর্গ্রেষ্ঠ প্রভোক্তদের তা সমাধানের জন্য নির্দেশ দিয়ে আসেন। শেরেবাংলা হলের প্রভোক্ত প্রফেসর ড. সারোয়ার হোসেন অবৈধভাবে দখল থাকা সীটগুলো উদ্ধারের ব্যর্থতা দীকার করে বলেন, উর্ধ্বতন কর্তৃপক্ষের চাপে সীটগুলো পুনরুদ্ধার করার উদ্যোগ নিয়েও পরে তা থেকে সরে আসতে হয়েছে।